

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯ ১৬

আগরতলা, ১৫ আগস্ট, ২০২৪

সংহতি ক্লাবের প্রতিষ্ঠাদিবসে মুখ্যমন্ত্রী

সরকারের উন্নয়নমূলক কাজে সবাইকে এগিয়ে আসতে হবে

উন্নয়নমূলক কাজ একা কারোর পক্ষেই করা সম্ভব নয়। সবাই মিলে একসঙ্গে কাজ করতে পারলেই আমাদের রাজ্য ও দেশ উন্নয়নের পথে এগিয়ে যাবে। তাই সবাইকেই রাজ্য সরকারের উন্নয়নমূলক কাজে এগিয়ে আসতে হবে ও সহযোগিতা করতে হবে। আজ আগরতলার সংহতি ক্লাবের প্রতিষ্ঠাদিবস উপলক্ষে স্বেচ্ছা রক্তদান উৎসব, মরণোত্তর চক্ষুদান, মরণোত্তর দেহদান এবং আধার নিবন্ধীকরণ শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের ক্লাবগুলিতে এখন সুস্থ পরিবেশ ফিরে এসেছে। ক্লাবগুলির মধ্যে পারস্পরিক দ্বন্দ্ব এখন আর দেখা যায় না। ক্লাবের কর্মসূচির মধ্য দিয়েই সংশ্লিষ্ট ক্লাব ও এলাকার সম্মান বৃদ্ধি পায়। ক্লাব এলাকায় মহিলাদেরও এধরণের সামাজিক কর্মকাণ্ডে এগিয়ে আসতে হবে। মহিলারা বিভিন্ন সামাজিক কাজে এগিয়ে এলে সমাজ উন্নত হয়। বর্তমানে কেন্দ্রীয় এবং রাজ্য সরকার মহিলাদের উন্নয়নে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে কাজ করছে। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন আগামী দিনেও সংহতি ক্লাব এধরণের সামাজিক কাজ অব্যাহত রাখবে। মুখ্যমন্ত্রী রক্তদান শিবির পরিদর্শন করেন ও রক্তদাতাদের উৎসাহিত করেন। তিনি বিভিন্ন প্রতিযোগিতায় সফল ক্রিকেটারদের পুরস্কৃত করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। তাছাড়াও বক্তব্য রাখেন কাঠিয়াবাবা আশ্রমের অধ্যক্ষ সদানন্দদাস কাঠিয়া বাবাজী। ধন্যবাদ জ্ঞাপন করেন সংহতি ক্লাবের সভাপতি শিশির মজুমদার। রক্তদান উৎসবে ৫৫ জন স্বেচ্ছায় রক্তদান করেন। তাছাড়া ১১ জন মরণোত্তর চক্ষুদান ও ১১ জন মরণোত্তর দেহদান করেন।

\*\*\*\*\*